কোটচাঁদপুরে বাস মালিক সমিতির মতবিনিময় সভা অনুষ্ঠিত

“আমরা স্বাধীনতা এনেছি সংস্কার আনবো” এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে যশোর, কালিগঞ্জ ও চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মালিক সমিতির দ্বন্দ্বে দীর্ঘ পাঁচ বছর যশোর টু চুয়াডাঙ্গা সড়কে সরাসরি বাস চলাচল বন্ধ থাকার কারণে সাধারণ মানুষের হয়রানি লাঘবের জন্য সরাসরি বাস চলাচলের দাবিতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আয়োজনে আজ শনিবার বিকালে পৌর পাঠাগার মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজুল ইসলাম। প্রধান আলোচক পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সহ-সভাপতি আবু বকর বিশ্বাস , উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রস্তাবিত উপদেষ্টা ও সাবেক উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান বিশ্বাস, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মুহাবিয়া হোসাইন, কালিগঞ্জ বাস মালিক সমিতির সভাপতি ফরিদ উদ্দিন, মহেশপুর বাস মালিক সমিতির সভাপতি এম এ ওয়াদুদ, যশোর বাস মালিক সমিতির সভাপতি মুসলিম উদ্দিন, যশোর মালিক সমিতির সিনিয়র সহ-সভাপতি শফিউল আলম, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সভাপতি হাসান ইমাম, কালিগঞ্জ বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন তপন, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতি সাধারণ সম্পাদক মইন উদ্দিন মুক্তির, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব সাইদুর রহমান, জামায়াতে ইসলামী পৌর শাখার আমির মাওলানা নজির আহমেদ, সেক্রেটারি মাওলানা আব্দুল কাইয়ুম, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সভাপতি মইন উদ্দিন খান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

মতবিনিময় সভা পরিচালনা করেন সাইফুল ইসলাম শিলু। সে সময় সরাসরি

বাস চলাচলের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা শেষে সবাইকে আশ্বস্ত করেন খুব শিগগিরই সরাসরি বাস চলাচল করবে বলে জানান নেতৃবৃন্দ। এ সময় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ, শিক্ষক, ছাত্র, ছাত্রী, বাস মালিক সমিতি, শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।